

সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

ওয়েজখালী, সুনামগঞ্জ।

ঃ নিয়োগ বিজ্ঞপ্তি ঃ



সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নবর্ণিত শূন্য পদে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্তে আগ্রহী বাংলাদেশী প্রকৃত নাগরিকগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্র/নং	পদের নাম ও সংখ্যা	প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা	বেতন স্কেল	জেলা কোটার প্রাপ্যতার ভিত্তিতে নিম্নবর্ণিত জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
০১	পদের নাম- ডাটা এন্ট্রি অপারেটর (মহিলাদের জন্য সংরক্ষিত) সংখ্যা-০৬টি	ক) এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ ন্যূনতম ২.৫০ (৫.০০ এর মধ্যে) অথবা সমমান পাশ থাকতে হবে। খ) ওয়ার্ড প্রসেসিং এ পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে এবং কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে। গ) বাংলা প্রতি মিনিটে ন্যূনতম ২০ (বিশ) শব্দ ও ইংরেজী প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ) শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে। ঘ) বাংলা ও ইংরেজী ব্যাকরণ বানান, বিরাম চিহ্ন ব্যবহার সহ বাক্য গঠনে ও দাপ্তরিক চিঠিপত্র এবং তথ্যাদি রিপোর্ট ইত্যাদি নথিভুক্ত করণে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। ঙ) সম্পাদিত কার্যাদি সুবিন্যস্ত ও পরিষ্কারভাবে উপস্থাপনের দক্ষতা থাকতে হবে। চ) যথাযথভাবে ফাইলিং উপস্থাপন, তথ্য সংগ্রহ ও সংরক্ষণের পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।	পবিস বেতন কাঠামো ২০১৬ মোতাবেক ১৮,৩০০/- হতে	
০২	পদের নাম- সহকারী ক্যাশিয়ার (মহিলাদের জন্য সংরক্ষিত) সংখ্যা-০৪টি	ক) গণিতে পারদর্শী সহ এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ ন্যূনতম ৩.০০ (৫.০০ এর মধ্যে) অথবা সমমান পাশ থাকতে হবে। খ) কম্পিউটার এবং অফিস পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে। বাংলা প্রতি মিনিটে ন্যূনতম ১০ (দশ) শব্দ ও ইংরেজী প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ) শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে। গ) সহকারী ক্যাশিয়ার পদে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে যোগদানের সময় ২০,০০০/- (বিশ হাজার) টাকা জামানত হিসাবে সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে জমা প্রদান করতে হবে। যা সন্তোষজনক চাকুরী সমাপনান্তে ব্যাংক রেইটে প্রাপ্য সুদ সহ ফেরত প্রদান করা হবে। ঘ) প্রার্থীর পারিবারিক আর্থিক স্বচ্ছলতা সরেজমিনে পরিদর্শন পূর্বক যাচাই করা হবে। চ) প্রার্থীর গ্রাহকের সাথে স্বতঃস্ফূর্ত আচরণ করার ক্ষমতা থাকতে হবে।	৪৬,২৪০/- টাকা সহ নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রদেয়।	ভোলা, বগুড়া, ব্রাহ্মণবাড়িয়া, চট্টগ্রাম, কুমিল্লা, কক্সবাজার, ঢাকা, ফরিদপুর, ফেনী, গাইবান্ধা, যশোর, খুলনা, কুড়িগ্রাম, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়নগঞ্জ, নীলফামারী, নোয়াখালী, পঞ্চগড়, পটুয়াখালী, রাজবাড়ী, শরীয়তপুর, শেরপুর
০৩	পদের নাম- ড্রাইভার (পুরুষ) সংখ্যা-০৫টি	ক) সাবলীলভাবে বাংলা লিখতে ও পড়তে সক্ষম হতে হবে। বিভিন্ন নির্দেশিকা নির্দেশনা ও চিহ্ন পড়তে ও বুঝতে সক্ষম হতে হবে। এছাড়া ও বিভিন্ন রিপোর্ট ও সিডিউল পূরণে সক্ষম হতে হবে। গাড়ীর সকল নির্দেশনাবলী ইংরেজীতে থাকায় ইংরেজী অক্ষর ও নাম্বারিং পড়তে সক্ষম হতে হবে। খ) প্রার্থীর BRTA কর্তৃক প্রদত্ত গাড়ী চালানোর ন্যূনতম হালকা যান চালানোর ড্রাইভিং লাইসেন্স (স্মার্ট কার্ড) থাকতে হবে। গ) যে কোন সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান অথবা বৃহৎ শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে গাড়ী চালনা ও রক্ষনাবেক্ষণ সম্পর্কে ন্যূনতম ০৫ বছরের অভিজ্ঞতা সনদ (ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির পর) জমা প্রদান করতে হবে। ঘ) বিগত ০৩ বছরের মধ্যে বড় ধরনের কোন দুর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্র সহ ভাল ড্রাইভিং এর বাস্তব অভিজ্ঞতা সনদ জমা প্রদান করতে হবে। ঙ) কর্তৃপক্ষ কর্তৃক লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। (লিখিত পরীক্ষা হবে ছোট ধরনের ইঞ্জিন রিপারিং, টিউন-আপ, সাধারণ রক্ষনাবেক্ষণ জ্ঞান সম্পর্কে)। চ) প্রার্থীকে সুন্দর শারীরিক গঠন ও সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিগত সম্পন্ন হতে হবে। উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাস্থ্য ও চক্ষু পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।	পবিস বেতন কাঠামো ২০১৬ মোতাবেক ১৬,৬০০/- হতে ৪১,৯৫০/- টাকা সহ নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রদেয়।	

বয়স সীমাঃ- ডাটা এন্ট্রি অপারেটর ও সহকারী ক্যাশিয়ার এর ক্ষেত্রে

প্রার্থীর বয়স ২৩/০৬/২০২২খ্রিঃ তারিখে ন্যূনতম ১৮ হতে অনূর্ধ্ব ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/ সন্তানের সন্তান এর ক্ষেত্রে ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। এক্ষেত্রে চূড়ান্তভাবে মনোনীত/সুপারিশকৃত প্রার্থীকে প্রমাণ স্বরূপ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারী নির্দেশ যথাযথ পালন করতে হবে। এক্ষেত্রে যথাযথ সনদ (সরকারী নির্দেশনা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক) এর অনুলিপি ১ম শ্রেণীর

D:\Niog Bigopt.docx


গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এবং প্রার্থীর সহিত মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/ সিটি কর্পোরেশন/জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার এর প্রত্যয়নপত্রের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। বয়সের প্রমাণক হিসেবে এসএসসি অথবা সমমান সনদ বিবেচিত হবে (কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।

বয়স সীমাঃ- ড্রাইভার এর ক্ষেত্রে

প্রার্থীর বয়স ২৩/০৬/২০২২খ্রিঃ তারিখে বয়স সীমা ন্যূনতম ১৮ এবং অনূর্ধ্ব ৪৫ বছর।

শর্তাবলীঃ (সকল পদের জন্য)

০১. আবেদনকারীগণকে সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েবসাইট pbs.sunamganj.gov.bd অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েবসাইট reb.gov.bd হতে A-4 সাইজের আবেদন ফরম কাগজে (ফরম নং-পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজহাতে পূরণ করে আগামী ২৩/০৬/২০২২খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জেনারেল ম্যানেজার, সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, ওয়েজখালী, সুনামগঞ্জ বরাবর সরাসরি, ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে বা সরাসরি টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বিবেচিত হবে না।
০২. প্রার্থীকে অবশ্যই তদ্র ও প্রফুল্ল চিত্তে জন সাধারণের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় এক বছরের জন্য অন-প্রবেশনে নিয়োগ করা হবে। অন-প্রবেশনে থাকাকালীন অর্পিত দায়িত্ব ও কর্তব্য সমূহ যথাযথভাবে সম্পাদন, বাৎসরিক কর্মমূল্যায়ন এবং পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে এবং পল্লীবিদ্যুতায়ন বোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ (পবিস নির্দেশিকা - (৩০০-১৪, ৩০০-১৭, ৩০০-২৪, এবং ৩০০-৫১) শর্ত প্রতিপালন সাপেক্ষে চাকুরীতে নিয়মিতকরণ সহ মূল বেতন ও অন্যান্য ভাতাদি প্রদান করা হবে।
০৩. বর্ণিত সকল পদে নিয়োগ লাভে আগ্রহী প্রার্থীগণকে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) সনদপত্রের সত্যায়িত অনুলিপি, জন্ম নিবন্ধন অথবা জাতীয় পরিচয়পত্রের অনুলিপি, সাম্প্রতিক তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঞ্জন ছবি, ০১ (এক) কপি ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে, ০১ (এক) কপি ছবি প্রবেশপত্রের নির্ধারিত স্থানে ভাল মানের আইকা/আটা দিয়ে শক্ত করে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে এবং ০১(এক) কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্টেপলার পিন দ্বারা আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র/সিটি কর্পোরেশনের মেয়রের নিকট হতে নাগরিকত্ব সনদ ও ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নাম সন্নিবেশিত সীল দ্বারা সকল কাগজ ও ছবি সত্যায়িত হতে হবে) এবং সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে যে কোন তফসীল ব্যাংক হতে ১০০/= (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট অথবা ক্রেসড পোস্টাল অর্ডার আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
০৪. অন্য কোন সংস্থা হতে অপসারিত/বরখাস্তকৃত এবং পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্তকৃত ও স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।
০৫. প্রতারণামূলক ভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।
০৬. অত্র পবিস-এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কিংবা বোর্ড পরিচালকদের স্বামী/স্ত্রীর রক্ত সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবে না।
০৭. বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূর্ণ হলে সে জেলার প্রার্থীগণের আবেদন বিবেচনা করা হবে না, মেধা তালিকাভুক্ত হলেও জেলা কোটা না থাকলে প্যানেল হতে নিয়োগ বিবেচনা করা হবে না।
০৮. প্রার্থীকে বাংলাদেশের যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে এবং সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর সহ যে কোন জোনাল/সাব-জোনাল অফিসে চাকুরী করতে সম্মত থাকতে হবে।
০৯. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।
১০. অসম্পূর্ণ এবং ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১১. নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১২. সরকারী, আধা-সরকারী, স্বায়ত্ত শাসিত প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
১৩. খামের উপর অবশ্যই বড় অক্ষরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।
১৪. যে কোন পদের জন্য তদবির প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য করা হবে।
১৫. নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


(সুজিত কুমার বিশ্বাস)
জেনারেল ম্যানেজার
সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
ওয়েজখালী, সুনামগঞ্জ
মোবাইল নং-০১৭৬৯-৪০০০৭৫